রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ২৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১১, ২০১৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৬৯—৪৭২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮৮৭—৯২৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৯—১২১ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৫৫—৯১৩ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৫—৪৬ |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . . ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২০ জ্যৈষ্ঠ ১৪২০/৩ জুন ২০১৩

**নং ০৫.১৮০.০২৭.০২.০০.০০৬.২০১৩-২০৯**—যেহেতু, জনাব মোঃ শফিকুর রহমান (৪৭৫২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপ-সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়কে এ মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ শাখার যথাক্রমে ০৮-০৮-২০০৭ তারিখের ১২৬ নং স্মারকে ৩০-০৯-২০০৭ থেকে ২৯-০৯-২০১২ তারিখ পর্যন্ত ৩ (তিন) বছরের এবং ১৯-০৯-২০১০ তারিখের ১৯৪ নং স্মারকে ১১-০৯-২০১০ থেকে ১০-০৯-২০১২ তারিখ পর্যন্ত ২ (দুই) বছরসহ মোট ৫ (পাঁচ) বছরের জন্য যুক্তরাষ্ট্রের MAKS DISTRIBUTION, INC নামক সংস্থায় æOperation manager” পদে কাজ করার নিমিত্ত লিয়েন মঞ্জুর করা হয়। বিগত ১০-০৯-২০১২ তারিখে তাঁর উক্ত লিয়েনের মেয়াদ শেষ হওয়ার কথা থাকলেও তিনি ০৩-০৯-২০১২ তারিখে পারিবারিক সমস্যার কথা উল্লেখ করে চাকুরিতে যোগদানের সময়কাল ১০-০৯-২০১২ তারিখ হতে ০৬-০৩-২০১৩ তারিখ পর্যন্ত ৬ (ছয়) মাস বৃদ্ধির আবেদন করেন। পরবর্তীতে এ মন্ত্রণালয়ের উনি-২ শাখার ২৯-১০-২০১২ তারিখের ০৫.১৩১.০০০.০০.০২. ১৯১.২০০৬-১২৯৩ নং স্মারকে উল্লিখিত লিয়েন শেষে চাকুরীতে যোগদানের সময় বর্ধিত করার কোন সুযোগ নেই উল্লেখ করে তাঁকে জরুরীভিত্তিতে দেশে এসে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা সত্ত্বেও তিনি উক্ত নির্দেশনা মোতাবেক দেশে ফিরে কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে প্রায় ৪ (চার) মাসের অধিককাল যুক্তরাষ্ট্রে অবস্থান করে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক যথাক্রমে “অসদাচরণ” (Misconduct) ও “ডিজারশন” (Desertion) এর অভিযোগ আনয়ন করা হয়;

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

যেহেতু, তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" (Misconduct) ও "ডিজারশন" (Desertion) এর অভিযোগে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০২-২০১৩ তারিখের ০৫.১৮০.০২৭.০২.০০.০০৬.২০১৩-৪১ নং স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হলে তিনি যথারীতি জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, বিগত ২৬-০৫-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং উক্ত ব্যক্তিগত শুনানিকালে সরকার পক্ষে জনাব মোঃ জসিম উদ্দিন, সিনিয়র সহকারী সচিব, উনি-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, জনাব মোঃ শফিকুর রহমান (৪৭৫২)-এর কৈফিয়তের জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, সরকার পক্ষের বক্তব্য, নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় দেখা যায় যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উনি-২ শাখার ২৯-০৪-২০১৩ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.০০.১৩১.০০.১৯১.০৬-৫১৪ নং স্মারকে তাঁর লিয়েন ভোগের পরবর্তী অতিরিক্ত ভোগকৃত ০৯-০৯-২০১২ থেকে ০৫-০৩-২০১৩ তারিখ পর্যন্ত ৫ (পাঁচ) মাস ২৮ (আটাশ) দিন ভূতাপেক্ষভাবে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়েছে এবং চাকুরীর ২৫ (পঁচিশ) বছর পূর্তিতে তিনি স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের উনি-২ শাখার ২০-০৫-২০১৩ তারিখের ০৫.০০.০০০০.০০.১৩১.০০.১৯১.০৬-৬২২ নং স্মারকে তাঁকে ০৬-০৫-২০১৩ তারিখ থেকে সরকারি চাকুরী হতে অবসর (পি.আর.এল. ব্যতীত) প্রদান করা হয়েছে;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক শুনানীতে প্রদত্ত বক্তব্য যৌক্তিক ও গ্রহণযোগ্য মর্মে প্রতীয়মান হয়েছে এবং যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শফিকুর রহমান (৪৭৫২)- কে ইতোমধ্যে সরকারি চাকুরী হতে অবসর (পি.আর.এল. ব্যতীত) প্রদান করায় এ বিভাগীয় মামলায় জনাব মোঃ শফিকুর রহমান (৪৭৫২)-কে আনীত অভিযোগের দায় থেকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, উক্ত সিদ্ধান্ত অনুযায়ী জনাব মোঃ শফিকুর রহমান (৪৭৫২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপ-সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" (Misconduct) ও "ডিজারশন" (Desertion) এর অভিযোগের দায় হতে একই বিধিমালার বিধি ৭(২)(এ) অনুযায়ী অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.১৮০.০২৭.০২.০০.০১১.২০১৩-২১০**—যেহেতু, জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার (৫৬০১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপ-সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় বিগত ০৩-১১-২০০৯ থেকে ২৩-০২-২০১৩ তারিখ পর্যন্ত উপ-সচিব ও কাউন্সিল অফিসার হিসেবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মরত থাকাকালে ৯ম জাতীয় সংসদের ১৬তম অধিবেশনে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বিগত ১০-০২-২০১৩ তারিখে প্রশ্নোত্তর প্রদানের জন্য নির্ধারিত থাকা তারকা চিহ্নিত প্রশ্ন নং-৬৭৯, ৬৮১ ও ৭৪১ এর জবাব প্রস্তুত এবং ০৫-০২-২০১৩ তারিখে নথিতে উপস্থাপন করার সময় অপরাধের ধরন ও প্রকৃতি বিবেচনা না করে দণ্ডবিধি বা অন্য কোন প্রচলিত আইনে গুম বা রাজনৈতিক হত্যা বলতে কোন কিছু না থাকা সত্ত্বেও তা সন্নিবেশন করেন। ফলশ্রুতিতে এ বিষয়ে বিভ্রান্তির সৃষ্টি হয়। তিনি সরকারের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে জাতীয় সংসদের প্রশ্নোত্তরের ন্যায় অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে যথেষ্ট মনোযোগ বা সতর্কতার সাথে দায়িত্ব পালনে ব্যর্থতার পরিচয় দেয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩১-০৩-২০১৩ তারিখের ০৫.১৮০.০২৭.০২.০০.০১১.২০১৩-১১৮ নং স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হলে তিনি যথারীতি জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, বিগত ২৬-০৫-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং উক্ত ব্যক্তিগত শুনানিকালে সরকার পক্ষে বেগম সুরাইয়া পারভীন শেলী, উপ-সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার (৫৬০১) এর কৈফিয়তের জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, সরকার পক্ষের বক্তব্য, নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় দেখা যায় যে, তিনি পুলিশ সদর দপ্তর থেকে ছকে প্রাপ্ত অপরাধ চিত্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনের জন্য নথিতে উপস্থাপন করেছিলেন এবং তা ঊর্ধ্বতন কর্তৃপক্ষ যথাযথভাবে অনুমোদন করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক শুনানীতে প্রদত্ত বক্তব্য যৌক্তিক ও গ্রহণযোগ্য মর্মে প্রতীয়মান হয় এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের আলোকে বিভাগীয় মামলার কার্যক্রম চলার মত উপযুক্ত কোন ভিত্তি নেই বলে প্রতীয়মান হওয়ায় জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার (৫৬০১)-কে আনীত অভিযোগের দায় থেকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, উক্ত সিদ্ধান্ত অনুযায়ী জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার (৫৬০১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপ-সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগের দায় হতে একই বিধিমালার বিধি ৭(২)(এ) অনুযায়ী অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ জ্যৈষ্ঠ ১৪২০/৪ জুন ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০১.১০-২০৭**—যেহেতু, সৈয়দ ইরতিজা আহসান (১৫৩৮৬), উপজেলা নির্বাহী অফিসার, বেড়া, পাবনা, প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), কালিয়াকৈর, গাজীপুর এর বিরুদ্ধে জেলা প্রশাসক, গাজীপুর কর্তৃক অভিযোগ আনয়ন করা হয় যে, কালিয়াকৈর উপজেলায় কর্মরত থাকা অবস্থায় বিগত ২৭-১২-০৮ তারিখ বিকাল অনুমান ৩.০০ ঘটিকার সময় উপজেলা

নির্বাহী অফিসার, কালিয়াকৈর এর প্রতিনিধি হিসেবে নবম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ব্যালট পেপারসহ নির্বাচনী মালামাল গ্রহণের জন্য উপস্থিত হয়ে তিনি জেলা প্রশাসকের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সহকারী কমিশনার জনাব আবুল বাশার মোহাম্মদ আমিরউদ্দিন-কে শারীরিকভাবে আঘাত করেন এবং নির্বাচনী মালামালগুলো না গুণেবুঝে নিতে চান। অফিস সহকারী জনাব মোঃ রইছ উদ্দিন-কে অকথ্য ভাষায় গালিগালাজ করেন এবং তাঁর শার্টের কলার ধরে টানা হেঁচড়া করে নাজেহাল করে রুম থেকে বের করে দেন। তিনি বিভিন্ন লোকজনের সহায়তায় কালিয়াকৈরস্থ মধ্যপাড়া ক্রিসেন্ট ফার্মের বাউন্ডারির ভিতরে ১নং খাস খতিয়ানের জমির উপর অবস্থিত নানা প্রজাতির ৭২ টি গাছ ৩(তিন) লক্ষ টাকার বিনিময়ে বিক্রয়ে সহায়তা করে সরকারের ব্যাপক ক্ষতি সাধন করেছেন এবং ১৫(পনের) লক্ষ টাকার বিনিময়ে সফিপুর বাজার পেরিফেরীভুক্ত করে ৩(তিন) কোটি টাকার সরকারি সম্পত্তির ক্ষতি সাধন করেছেন। তাছাড়া অন্ধ কল্যাণ সমিতির সহায়তায় ৪.০৪ একর সরকারি সম্পত্তি হাতছাড়া করে সরকারের ১৫ (পনের) কোটি টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন। তাঁর এ ধরনের আচরণের কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী যথাযথভাবে সকল বিধিগত প্রক্রিয়া অনুসরণ শেষে তদন্তে জনাব সৈয়দ ইরতিজা আহসান (১৫৩৮৬) এর বিরুদ্ধে "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(বি) বিধির অধীনে তাঁকে "বার্ষিক বেতন বৃদ্ধি ২(দুই) বছরের জন্য স্থগিত" (Withholding yearly increment for two years) রাখার লঘুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু, জনাব সৈয়দ ইরতিজা আহসান (১৫৩৮৬) প্রদত্ত লঘু দণ্ডাদেশের বিরুদ্ধে গত ১৬-১০-২০১২ তারিখ আপীল আবেদন দায়ের করলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে প্রদত্ত দণ্ড হ্রাস করে "অভিযুক্ত কর্মকর্তার বার্ষিক বেতন বৃদ্ধি ২(দুই) বছরের পরিবর্তে ১(এক) বছর স্থগিত রাখার" আদেশ প্রদান করেন;

সেহেতু, জনাব সৈয়দ ইরতিজা আহসান (১৫৩৮৬), উপজেলা নির্বাহী অফিসার, বেড়া, পাবনা, প্রাক্তন সহাকারী কমিশনার (ভূমি), কালিয়াকৈর, গাজীপুরকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির অধীন "অসদাচরণ" (Misconduct) এর প্রমাণিত অভিযোগের কারণে একই বিধিমালার ৪(২)(বি) বিধির অধীনে তাঁকে পূর্বে প্রদত্ত লঘুদণ্ড "বার্ষিক বেতন বৃদ্ধি ২(দুই) বছরের জন্য স্থগিত" (Withholding yearly increment for two years) পরিবর্তনক্রমে "১(এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত" (Withholding yearly increment for one year) রাখার লঘুদণ্ড প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

**বিধি-৪ শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৬ জ্যৈষ্ঠ ১৪২০/৯ জুন ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-১৩৫**—নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ১৫ জুন, ২০১৩ তারিখ শনিবার রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট সিটি কর্পোরেশনের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণ উপলক্ষে নির্বাচন সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের এলাকাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা /কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/ কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে ভোটের দিন ১৫ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ/০১ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ তারিখ শনিবার রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট সিটি কর্পোরেশন এলাকায় সাধারণ ছুটি (রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট সিটি কর্পোরেশনের এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এস এম মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**মাঠ প্রশাসন-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৭ জ্যৈষ্ঠ ১৪২০/২১ মে ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৪১.২৮.০১৮.১১-৮৪**—নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার-এর কার্যালয়ের জন্য নিম্নবর্ণিত ১(এক) টি ১ম শ্রেণীর পদ রাজস্ব খাতে স্থায়ীভাবে সংরক্ষণে এতদ্বারা সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো ঃ

(ক) **হস্তান্তরিত পদ**

| ক্রমিক নং | পদের নাম | সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী বেতন স্কেল |
|---|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | ১(এক) টি | টাঃ ১৮,৫০০-২৯,৭০০ |

২। অর্থ বিভাগের ২১-০৪-২০১৩ তারিখের অম/অবি/ব্যাঃনিঃ-৪/সংস্থা-১২/০৯/১৩৫ সংখ্যক স্মারকের পত্র এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩-০১-২০১৩ তারিখের ০৪.২১২.০০৬.০১.০০.০০১. ২০১৩-১২(১) সংখ্যক স্মারকের প্রজ্ঞাপন অনুসরণে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

**মোঃ রেয়াজুল হক**
সিনিয়র সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ জ্যৈষ্ঠ ১৪২০/০৪ জুন ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৪১.২৭.০১১.১৩-১০১**—যেহেতু, জনাব এ. জেড.এম. শার্জিল হাসান (১৫৩৯৮), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলায় কর্মরত থাকাকালীন তাঁর ঊর্ধ্বতন কর্মকর্তার আইন সংগত আদেশ অমান্য করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী দণ্ডনীয় অপরাধ করেছেন;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১ অনুযায়ী জনাব এ. জেড.এম. শার্জিল হাসান (১৫৩৯৮)- কে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ**
**ট্রেজারী ব্যবস্থাপনা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ জুন ২০১৩

**নং ০৭.১৪২.০০৭.০০.০০.০০১.১২-৬৫**—ট্রেজারী রুলস এর টি. আর-৪ এবং এস. আর-৫২ অনুযায়ী প্রযোজ্য সকল শর্তাবলী/নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রতিপালন/বাস্তবায়ন/নিশ্চয়তা বিধান/পূরণ করার প্রেক্ষিতে এবং এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের (মন্ত্রি পরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ শাখা নং ০৪.৫১২.০৭১.০২.০০.০০৩.২০১০-১০৭, তারিখ ০২-০৬-২০১৩) প্রদত্ত নির্দেশনার আলোকে রাঙ্গামাটি পার্বত্য জেলা ট্রেজারীর বিদ্যমান কালেক্টরেট ভবনে প্রয়োজনীয় প্যাডলক এবং অগ্নি নির্বাপক যন্ত্র সংগ্রহসহ তা যথাযথভাবে স্থাপনপূর্বক প্রযোজ্য সকল বিধি-বিধান অনুসরণে পূর্ণাঙ্গ ট্রেজারী কার্যক্রম পরিচালনার জন্য এতদ্বারা সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলো।

২। এ আদেশ বিগত ০১-১১-২০১২ তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে। (অর্থ বিভাগের স্মারক নং ০৭.১৪২.০০৭.০০.০০.০০১.১২-১৭৪, তারিখ ০১-১১-২০১২ তারিখে প্রদত্ত সম্মতিপত্র)

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**মোঃ আবদুর রহমান**
উপ-সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৪ শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৮ আষাঢ় ১৪২০/০২ জুলাই ২০১৩

নং **০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.১১-১৬৫**।১৪৩৪ হিজরী সনের (২০১৩ খ্রিস্টাব্দ) পবিত্র রমজান মাসে দেশের সকল সরকারি ও আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য নিম্নরূপ অফিস সময়সূচি নির্দেশক্রমে নির্ধারণ করা হল ঃ

(ক) রবিবার থেকে বৃহস্পতিবার ঃ সকাল ৯.০০ মিনিট হতে বেলা ৩-৩০ মিনিট পর্যন্ত (বেলা ১-১৫ মিনিট হতে ১-৩০ মিনিট পর্যন্ত যোহরের নামাজের বিরতিসহ)।

(খ) শুক্রবার ও শনিবার ঃ সাপ্তাহিক ছুটি।

(গ) ব্যাংক, বীমা, অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, ডাক, রেলওয়ে, হাসপাতাল ও রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান, কলকারখানা এবং অন্যান্য প্রতিষ্ঠান যাদের সার্ভিস অতীব জরুরী ঐ সকল প্রতিষ্ঠান তাদের নিজস্ব আইন অনুযায়ী জনস্বার্থ বিবেচনা করে তাদের নিজস্ব অফিস সময়সূচি নির্ধারণ ও অনুসরণ করবে। সুপ্রীমকোর্ট ও এর আওতাধীন সকল কোর্টের সময়সূচি সুপ্রীম কোর্ট নির্ধারণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এস এম মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।